

ইস্ট ডেল্টা ইউনিভার্সিটির (ইডিইউ) ভর্তি মেলা শুরু হচ্ছে আগামী ৯ জানুয়ারি। প্রতিদিন সকাল ১১টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ক্যাম্পাসে এবং সন্ধ্যা ৭টা পর্যন্ত অনলাইনে চলবে এ মেলা। ক্যাম্পাসে প্রবেশের ক্ষেত্রে ভর্তীচ্ছু বা দর্শনার্থীদের জন্য মাস্ক পরে আসা বাধ্যতামূলক করা হয়েছে। মেলায় স্পট অ্যাডমিশনের সুবিধা থাকছে। এ ছাড়া ইডিইউর স্প্রিং ২০২১ সেমিস্টারে ভর্তি চলছে বলে জানা গেছে। আগ্রহী শিক্ষার্থীরা ১০টি বিষয়ে ভর্তি হতে পারবে। ভর্তিসংক্রান্ত অন্য তথ্য জানতে ইডিইউর ওয়েবসাইট www.eastdelta.edu.bd বা অফিশিয়াল ফেসবুক পেজে ভিজিট করতে হবে। এ ছাড়া ব্রাউজারের অ্যাড্রেস <https://sites.google.com/eastdelta.edu.bd/admissionfair> লিখলেই সরাসরি যুক্ত হওয়া যাবে ভর্তি মেলায়।